

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ প্রশিক্ষণ কেন্দ্র

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), প্রশিক্ষণ কেন্দ্র

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.২২৯.০৮.৪৫১.২০ নথির বিষয়: বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বিষয়ে প্রশিক্ষণ

নোট: ৫ নোটের বিষয়: “বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)” এর আলোকে ০২ (দুই) টি প্রশিক্ষণ কর্মশালা আয়োজন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ৫.০ - তারিখ: ১৬/১/২৪ ১১:১৪ পূর্বাহ্ন

বিবেচ্য বিষয়ে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রের ২০২৩-২৪ অর্থ বছরের জন্য প্রণীত ও ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক অনুমোদিত প্রশিক্ষণ পরিকল্পনায় “বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)” এর আলোকে প্রশিক্ষণ কর্মশালা আয়োজনের বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। এছাড়াও প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা, ঢাকা ওয়াসা এবং উপব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন), ঢাকা ওয়াসা এর মধ্য স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) তে “বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বিষয়ে” ০২ (দুই) টি প্রশিক্ষণ কর্মশালা আয়োজনের বাধ্যবাধকতা রয়েছে। ঢাকা ওয়াসার বিভিন্ন সার্কেল/জোন/বিভাগ/দপ্তরে কর্মরত কর্মকর্তাদের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (এপিএ) সম্পর্কে সঠিক ধারণা প্রদান বা অবহিতকরণ আবশ্যিক। সেলক্ষ্যে, উক্ত ০২ (দুই) টি প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণের জন্য প্রতি ব্যাচে ২৫ (পঁচিশ) জন হিসেবে মোট ৫০ (পঞ্চাশ) জন কর্মকর্তাকে আমন্ত্রণ জানানো হবে। আমন্ত্রিত কর্মকর্তাগণ যাতে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) সম্পর্কে সম্যক ধারণা লাভ এবং স্ব স্ব সার্কেল/জোন/বিভাগ/দপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর লক্ষ্য অর্জনে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে পারেন, সে নিরীখে প্রশিক্ষণ কর্মশালার প্রোগ্রাম প্রণয়ন করা হয়েছে (সংযুক্তি-১)। উক্ত প্রশিক্ষণ কর্মশালার প্রথম ব্যাচ আগামী ১৪ ফেব্রুয়ারী, ২০২৪ এবং দ্বিতীয় ব্যাচ ১৯ ফেব্রুয়ারী, ২০২৪ সকাল ০৯.০০ টা হতে দুপুর ০২.০০ পর্যন্ত সময়ে ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রে আয়োজন করা যেতে পারে। উক্ত ০২ (দুই) টি প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণের জন্য সংযুক্ত তালিকায় উল্লেখিত প্রথম এবং দ্বিতীয় প্রত্যেকটিতে ২৫ (পঁচিশ) জন করে মোট ৫০ (পঞ্চাশ) জন অংশগ্রহণকারীর (সংযুক্তি-২) খসড়া তালিকা প্রস্তুত করা হয়েছে। প্রস্তাবিত খসড়া তালিকায় উল্লেখিত কোন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণে অংশগ্রহণে অপারগ হলে সমপর্যায়ের অন্য প্রশিক্ষণার্থীকে আমন্ত্রণ জানানো হবে। উল্লেখ্য, উক্ত ০২টি প্রশিক্ষণ কর্মশালায় অতিথি বক্তা হিসেবে নিম্নোক্ত কর্মকর্তাবৃন্দ উপস্থিত থাকবেনঃ

০১। জনাব মোঃ আক্তারুজ্জামান, উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন), ঢাকা ওয়াসা।

০২। জনাব এস এম মোস্তফা কামাল মজুমদার, প্রধান রাজস্ব কর্মকর্তা, ঢাকা ওয়াসা।

সংযুক্তিসমূহ (২):

১। Program.pdf

২। PPS List.pdf

অনুচ্ছেদ ৫.১ - তারিখ: ১৬/১/২৪ ১১:১৫ পূর্বাহ্ন

উক্ত ০২ (দুই) টি প্রশিক্ষণ কর্মশালা সম্পাদনের সম্ভাব্য ব্যয় নিম্নরূপঃ


(ক) বক্তার সম্মানী	১২,০০০/-	(৩ সেশন ২০০০/- টাকা হারে×২ টি কর্মশালা)
(খ) প্রশিক্ষণার্থীদের ভাতা	১৫,০০০/-	(২ টি কর্মশালার ৫০ জন অর্ধ-দিবস ৩০০/- টাকা হারে)
(গ) দুপুরের খাবার ও চা নাস্তা	৩৫,২০০/-	(বক্তা ও সাপোর্টিং স্টাফসহ ৩২ জন ৫৫০/- টাকা হারে×২ টি কর্মশালা)
(ঘ) পানি	১,৫৬০/-	(২ টি কর্মশালার জন্য আধা লিটার ১২ কেস ১৩০/- টাকা হারে)
(ঙ) পাটের ব্যাগ, নোটবুক ও কলম	১৯,০০০/-	(২ টি কর্মশালার জন্য ৫০ সেট ৩৮০/- টাকা হারে)
(চ) ফটোকপি ও বিবিধ	৩,০০০/-	২ কোর্সের জন্য আনুমানিক লামসাম
সর্বমোট	=৮৫,৭৬০ /-	(কথায়ঃ টাকা পঁচাশি হাজার সাতশত ষাট মাত্র)

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

অনুচ্ছেদ ৫.২ - তারিখঃ ১৬/১/২৪ ১১:১৬ পূর্বাহ্ন

এমতাবস্থায়, ০২ (দুই) কর্মশালার ৫০ (পঞ্চাশ) জন অংশগ্রহনকারীর মনোনয়ন, প্রশিক্ষণ কর্মশালার প্রোগ্রাম, প্রশিক্ষণ কর্মশালা আয়োজনে প্রয়োজনীয় ব্যয় নির্বাহের নিমিত্তে স্থানীয় প্রশিক্ষণ খাতের বরাদ্দ হতে সর্বমোট =৮৫,৭৬০/- (পঁচাশি হাজার সাতশত ষাট মাত্র) টাকা ব্যয়ের এবং ক্ষেত্রমতে প্রযোজ্য ভ্যাট ঢাকা ওয়াসা হতে বহন করার অনুমোদনসহ উক্ত পরিমাণ টাকা প্রধান প্রশিক্ষণ কর্মকর্তার অনুকূলে অস্থায়ী অগ্রীম হিসেবে প্রদানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। প্রস্তাবিত বাজেটে উল্লিখিত ব্যয়ের চাইতে খাতওয়ারী প্রকৃত ব্যয় কম/বেশী হতে পারে। তবে মোট প্রকৃত ব্যয় অনুমোদিত ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ থাকবে। প্রশিক্ষণ কর্মশালা সমাপ্তির পর সমুদয় ব্যয়ের অর্থ প্রকৃত ভাউচারের মাধ্যমে হিসাব বিভাগে সমন্বয় করা হবে।

সদয় অনুমোদনের জন্য পেশ করা হ'ল।



১৬/১/২৪ ১১:৫৬ পূর্বাহ্ন
মোঃ ওয়াজ উদ্দীন
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
(কারকিলাম ও মূল্যায়ন)
প্রশিক্ষণ কেন্দ্র



১৬/১/২৪ ১১:৫৮ পূর্বাহ্ন
এ এম মোস্তফা তারেক
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (চলতি
দায়িত্ব)
প্রশিক্ষণ কেন্দ্র




১৮/১/২৪ ১০:৪১ পূর্বাহ্ন
মোঃ আক্তারুজ্জামান
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন) (অতিরিক্ত
দায়িত্ব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন) এর দপ্তর

~~১৮/১/২৪ ১০:৪১ পূর্বাহ্ন
প্রকৌশলী তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর~~

অনুচ্ছেদ ৫.৩ - তারিখঃ ১৮/১/২৪ ১১:০৩ পূর্বাহ্ন

Okay



১৮/১/২৪ ১১:০৪ পূর্বাহ্ন
প্রকৌশলী তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর



১৮/১/২৪ ১:৫৮ অপরাহ্ন
এ এম মোস্তফা তারেক
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (চলতি
দায়িত্ব)
প্রশিক্ষণ কেন্দ্র



১৮/১/২৪ ২:০১ অপরাহ্ন
মোঃ ওয়াজ উদ্দীন
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
(কারকিলাম ও মূল্যায়ন)
প্রশিক্ষণ কেন্দ্র

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা